

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯

আগরতলা, ৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

ইতিএম কমিশনিং-র কাজ শুরু

আসন্ন লোকসভা নির্বাচনে ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা আসনে ভোট গ্রহণের জন্য ইতিএম কমিশনিং-র কাজ শুরু হয়েছে। আগামী ১৯ এপ্রিল এই লোকসভা আসনের নির্বাচনে ভোটগ্রহণ করা হবে। রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামীকাল এবং ৮ এপ্রিল ১-সিমনা (এসটি), ২-মোহনপুর, ৩-বামুচিয়া (এসসি), ৪-বড়জলা (এসসি), ৫-খয়েরপুর, ৬-আগরতলা, ৭-রামনগর, ৮-টাউন বড়দোয়ালি, ৯-বনমালীপুর, ১০-মজলিশপুর, ১১-মান্দাইবাজার (এসটি), ১৩-প্রতাপগড় (এসসি), ১৪-বাধারঘাট (এসসি), ১৮-সুর্যমনিনগর, ৩০-বাগমা (এসটি), ৩১-রাধাকিশোরপুর, ৩২-মাতাবাড়ি, ৩৩-কাকড়াবন-শালগড় (এসসি) বিধানসভা এলাকায় ইতিএম কমিশনিং করা হবে। ৮ এবং ৯ এপ্রিল ইতিএম কমিশনিং করা হবে ১২-টাকারজলা (এসটি), ১৭-গোলাঘাটি (এসটি), ১৫-কমলাসাগর, ১৬-বিশালগড়, ১৯-চড়িলাম বিধানসভা কেন্দ্রগুলিতে। আগামী ৯ এবং ১০ এপ্রিল ইতিএম কমিশনিং করা হবে ৩৪-রাজনগর (এসসি) ও ৩৫-বিলোনীয়া বিধানসভা কেন্দ্রে। ইতিমধ্যেই গত ৫ এপ্রিল ৩৬-শান্তিরবাজার (এসটি) বিধানসভা কেন্দ্রে এবং গতকাল ও আজ ২০-বক্সনগর, ২১-নলছড় (এসসি), ২২-সোনামুড়া, ২৩-ধনপুর বিধানসভা কেন্দ্রে ইতিএম কমিশনিং করা হয়েছে। ৭-রামনগর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের ভোটগ্রহণের জন্য আজ ইতিএম কমিশনিং'র কাজ শুরু হয়েছে। কমিশনিং-র কাজ আগামীকালও চলবে।
